বিশেষ প্রবন্ধ নিয়ে আলোচনা করেছি। মানব কল্যাণ একটি জনপ্রিয় গল্প। যেমন এর জনপ্রিয়তা রয়েছে, ঠিক

তেমনি এর বহুনির্বাচনি প্রশ্ন, জ্ঞানমূলক প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন গুলো অধিক গুরুত্বপূর্ণ। অনেক শিক্ষার্থীরা এই প্রবন্ধের সৃজনশীল প্রশ্ন পড়তে চায়।

আবার অনেকের কাছে এই গল্পের সৃজনশীল প্রশ্নের উত্তর গুলো সংগ্রহ করা নেই। তাই গুগল থেকে সংগ্রহ করতে চায়। আজকের পোস্ট থেকে আপনারা বাংলা ১ম পত্রের সকল ধরনের সৃজনশীল প্রশ্ন সংগ্রহ করতে পারবেন। এর পাশা-পাশি প্রশ্নের উত্তর গুলোও পেয়ে যাবেন। আর আপনি এগুলো পিডিএফ আকারে সংগ্রহ করে নিতে পারবেন। তাহলে চলুন আজকের পোস্ট টি শুরু করা যাক।

# মানব কল্যাণ প্রবন্ধ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

আবুল ফজল মানব কল্যাণ গল্পটি লিখেছেন। তার এই গল্পটি ১৯৭২ সালে রচিত হয়। মানবতন্ত গ্রন্থে এটি সংকলিত হয়। এইচ এস সি পরীক্ষার জন্য এই গল্পটি অনেক গুরুত্বপূর্ণ। আমাদের এই পোস্টে কিছু গুরুত্ব পূর্ণ সৃজনশীল প্রশ্ন এখানে তুলে ধরেছি। তো যারা যারা প্রশ্নের উত্তর সংগ্রহ করতে চান তারা নিচে থেকে দেখেনিন। অথবা পিডিএফ সংগ্রহ করেনিন।

# মানব কল্যাণ প্রবন্ধ সৃজনশীল

এখানে মানব কল্যাণ গল্পের সৃজনশীল প্রশ্ন গুলো দেওয়া আছে। যারা শুধু সৃজনশীল প্রশ্ন সংগ্রহ করতে চান তারা নিচের সৃজনশীল গুলো দেখেনিন।

### সৃজনশীল প্রশ্ন ১ :

ভেলরি টেইলর, বাংলাদেশের অন্য রকম বন্ধু ৭২ বছর বয়সী ভেলরি কর্মজীবনে লাভ করেছেন অনেক স্বীকৃতিসহ সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি। স্বেচ্ছাসেবা এবং সম্পূর্ণ আপন প্রচেষ্টায় সিআরপি প্রতিষ্ঠা করে তিনি বিশ্বে এক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছেন। বাংলাদেশে সড়ক দুর্ঘটনাসহ বিভিন্ন কারণে পঙ্গুত্বের শিকার হাজার হাজার মানুষকে স্বাভাবিক কর্মজীবনে ফিরিয়ে আনতে তার গড়া সিআরপি নজিরবিহীন ভূমিকা পালন করছে। চিরকুমারী ভেলরির জন্ম ব্রিটেনে হলেও তার সব কিছুই যেন বাংলাদেশ। মানবতার সেবায় নিজেকে উৎসর্গ করে জীবনের বাকি সময়টা থেকে যান এই বাংলাদেশেই। প্রতিবন্ধী, পক্ষাঘাতগ্রস্ত মানুষের কল্যাণে প্রতিষ্ঠা করেছেন হাসপাতাল, পুনর্বাসন কেন্দ্র ও শিক্ষাপ্রতিষ্ঠান।

ক. সত্যিকার মানবকল্যাণ কিসের ফসল?
খ. আমরা কোন উত্তরাধিকারকে জীবনে প্রয়োগ করতে পারিনি? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকটি মানব-কল্যাণ' প্রবন্ধের সঙ্গে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকের ভেলরি টেইলরের কর্মকাণ্ড এবং মানব-কল্যাণ' প্রবন্ধের লেখকের প্রত্যাশা একসূত্রে গাঁথা।”- মন্তব্যটির যথার্থতা যাচাই কর।

### সৃজনশীল প্রশ্ন ২ঃ

জরিনা কিছুদিন আগেও রাস্তায় ভিক্ষা করে সংসার চালাত। দুই বছর আগে একটি এনজিও’র মাধ্যমে সেলাই প্রশিক্ষণ নিয়ে সে কাজ শুরু করে। এখন তার দোকানে অনেক বেচাকেনা। সেলাই প্রশিক্ষণ তার ভাগ্যের চাকা ঘুরিয়ে দিয়েছে। ছেলেমেয়েরাও এখন স্কুলে পড়ে। বেসরকারি উদ্যোগের পাশাপাশি সরকারি পৃষ্ঠপোষকতা পেলে রহিমার মতো অন্যরাও আত্মমর্যাদা নিয়ে সমাজে মাথা উঁচু করে বাঁচতে পারত।

ক. ‘রেডক্রস’ কোন ধরনের সংস্থা?
খ. মানব-কল্যাণ স্বয়ম্ভূ, বিচ্ছিন্ন, সম্পর্করহিত হতে পারে না কেন? ব্যাখ্যা করো।
গ. ‘মানব-কল্যাণ’ প্রবন্ধের কোন প্রসঙ্গটি উদ্দীপকের বিষয়সংশ্লিষ্ট? ব্যাখ্যা করো।
ঘ. ‘একমাত্র সমতা আর সহযোগ-সহযোগিতা মানব-কল্যাণ নিশ্চিত করতে পারে’ – উদ্দীপক ও ‘মানব-কল্যাণ’ প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো।

# মানব কল্যাণ প্রবন্ধের সৃজনশীল প্রশ্নের উত্তর

এখান থেকে প্রদত্ত সৃজনশীল প্রশ্নের উত্তর গুলো সংগ্রহ করেনিন। নিচে যারা যারা প্রশ্নের উত্তর গুলো নিজে নিজে না করতে পারবেন তাদের জন্য উত্তর গুলো দেওয়া আছে।

**উত্তর ১ঃ**

ক উত্তরঃ সত্যিকার মানবকল্যাণ মহৎ চিন্তা-ভাবনার ফসল।

খ উত্তরঃ আমরা মহৎ প্রতিভাবান ব্যক্তিদের মানবিক চিন্তা ও আদর্শের উত্তরাধিকারকে জীবনে প্রয়োগ করতে পারিনি। মানব-কল্যাণ’ প্রবন্ধে লেখক মানবকল্যাণ বলতে আমাদের প্রতিদিনের ব্যবহারিক জীবনের কল্যাণকে বুঝিয়েছেন।মনুষ্যত্ববোধে আঘাত লাগে, মানব-মর্যাদা ক্ষুন্ন হয় এমন কোনো কাজকে তিনি মানবকল্যাণ মনে করেননি। কাউকে দান করা বা এক মুষ্টি ভিক্ষা দেওয়াকেও তিনি মানবকল্যাণ হিসেবে ধরেননি। কারণ তাতে একজনকে করুণা করা হয়, প্রকৃত মানবকল্যাণ সাধিত হয় না।

এজন্য তিনি মানুষকে আত্মস্বার্থের ঊর্ধ্বে উঠে মানুষের বৃহত্তর কল্যাণে এগিয়ে আসতে বলেছেন। মহৎ প্রতিভাবান ব্যক্তিরা আত্মস্বার্থের কথা ভুলে গিয়ে মানবতার আদর্শ নিয়ে কাজ করেছেন। তাদের মানবিক চিন্তা ও আদর্শ সত্যিকারের মানবকল্যাণ সাধনের জন্য যথার্থ । অথচ আমরা তা ধারণ বা অনুসরণ করতে পারিনি।

**গ উত্তরঃ উদ্দীপকটি ‘মানব-কল্যাণ প্রবন্ধের”সত্যিকারের মানবসেবার আলোচনার দিক থেকে সাদৃশ্যপূর্ণ।**

আত্মস্বার্থে মগ্ন না থেকে নিজেকে পরোপকারে উৎসর্গ করার মধ্যেই জীবনের সার্থকতা নির্ভর করে। সংকীর্ণ স্বার্থে নিজেকে আবদ্ধ রাখলে জীবন ব্যর্থতায় পর্যবসিত হয়।উদ্দীপকে ভেলরি টেইলরের বাংলাদেশে সিআরপি প্রতিষ্ঠা করে মানবসেবায় আত্মনিয়োগের বিষয়টি তুলে ধরা হয়েছে। তিনি এদেশে প্রতিবন্ধী ও পক্ষাঘাতগ্রস্ত মানুষের কল্যাণে হাসপাতাল, পুনর্বাসন কেন্দ্র ও শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছেন।

বাংলাদেশে সড়ক দুর্ঘটনাসহ বিভিন্ন কারণে পঙ্গুত্বের শিকার হাজার হাজার মানুষকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে তার গড়া সিআরপি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ভেলরি টেইলরের মানবসেবার এই মহৎ উদ্যোগ ও কর্মকাণ্ড মানব-কল্যাণ প্রবন্ধের সত্যিকারের মানবসেবার বিষয়টির সঙ্গে সাদৃশ্যপূর্ণ।

এ প্রবন্ধে লেখক মানুষকে স্বার্থ ত্যাগ করে মানুষের বৃহত্তর কল্যাণে এগিয়ে আসার আহ্বান করেছেন। এর সঙ্গে উদ্দীপকের ভেলরি টেইলরের সেবাধর্মী কর্মকাণ্ডের মিল রয়েছে।

**ঘ উত্তরঃ "উদ্দীপকের ভেলরি টেইলরের কর্মকাণ্ড এবং মানব-কল্যাণ' প্রবন্ধের লেখকের প্রত্যাশা একসূত্রে গাঁথা।"- মন্তব্যটি যথার্থ।**

যুগে যুগে মহৎ ব্যক্তিরা নিঃস্বার্থভাবে পরোপকার করে পৃথিবীতে মানবসেবার অসাধারণ দৃষ্টান্ত স্থাপন করে গেছেন। আমরা যদি তাদেরকে অনুসরণ করে মানবসেবায় আত্মনিয়োগ করি, তাহলে জগতে যথার্থ মানবকল্যাণ সাধিত হবে।

উদ্দীপকে ৭২ বছর বয়সী ভেলরি টেইলরের বাংলাদেশে মানবসেবায় আত্মনিয়োগ করার বিষয়টি তুলে ধরা হয়েছে। তিনি বাংলাদেশে সিআরপি স্থাপন করে মানবসেবায় এগিয়ে এসে বিশ্বে এক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছেন।মানবকল্যাণে আত্মনিয়োগের ক্ষেত্রে তার মহৎ কর্মপ্রচেষ্টার বিষয়টি মানব-কল্যাণ' প্রবন্ধের লেখকের প্রত্যাশার সঙ্গে সাদৃশ্যপূর্ণ। এ প্রবন্ধে লেখক সবাইকে মানবসেবায় এগিয়ে আসতে বলেছেন।

ধর্ম-বর্ণ-জাতির দোহাই দিয়ে বিভক্তিকরণ নীতি গ্রহণ না করে তিনি মানুষকে মানবিক হয়ে মানবসেবায় আত্মনিয়োগ করতে বলেছেন। এই চেতনা উদ্দীপকে প্রতিফলিত হয়েছে। 'মানব-কল্যাণ' প্রবন্ধে লেখক মানুষকে নিঃস্বার্থভাবে মানবসেবায় এগিয়ে আসতে বলেছেন।

উদ্দীপকের ভেলরি টেইলরের কর্মকাণ্ডে তার প্রতিফলন ঘটেছে। প্রতিবন্ধী ও পক্ষাঘাতগ্রস্ত মানুষের কল্যাণে তিনি এদেশে হাসপাতাল, পুনর্বাসন কেন্দ্র স্থাপন করেছেন। মানবকল্যাণে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তুলেছেন। এসব দিক বিচারে তাই বলা যায় যে, প্রশ্নোক্ত মন্তব্যটি যথার্থ।

# মানব কল্যাণ গল্পের প্রশ্নের উত্তর

আপনাদের অনুশীলনের সুবিধার জন্য নিচে আরও কিছু সৃজনশীল প্রশ্ন দেওয়া হয়েছে। অধিক প্রস্তুতির লক্ষ্য আপনারা নিচের দেওয়া প্রশ্ন গুলো পড়তে পারেন। এই প্রশ্ন গুলো নিজে নিজে উত্তর লেখার চেষ্টা করবেন। প্রশ্ন গুলো পেতে নিচের দিকে চলে যান।

### সৃজনশীল প্রশ্ন ১ঃ

মাদার তেরেসা আশৈশব স্বপ্ন দেখেন মানবসেবার। একসময় যোগ দেন খ্রিস্টান মিশনারি সংঘে। মানুষকে আরও কাছে থেকে সেবা দেওয়ার লক্ষ্যে তিনি সন্ন্যাসব্রত গ্রহণ করেন। প্রতিষ্ঠা করেন মিশনারিজ অব চ্যারিটি। তাঁর আদর্শে উজ্জীবিত হয়ে আরও অনেকেই এগিয়ে আসেন এ মহান কাজে। একসময় এ কাজের

স্বীকৃতিস্বরূপ তিনি লাভ করেন নোবেল পুরস্কার। সারা জীবনের তাঁর সবটুকু উপার্জনই বিলিয়ে দেন মানবের কল্যাণে।

ক. ছাত্রজীবনে আবুল ফজল কোন আন্দোলনে যুক্ত হন?
খ. মানব কল্যাণ মানব-অপমানে পরিণত হয়েছে কীভাবে?
গ. উদ্দীপকটি 'মানব-কল্যাণ' প্রবন্ধের কোন দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো।
ঘ. "মাদার তেরেসা 'মানব কল্যাণ প্রবন্ধের মূল বক্তব্যের বাস্তব প্রতিফলন – মন্তব্যটি বিশ্লেষণ করো।

**সৃজনশীল প্রশ্ন ২ঃ**

অন্নহীনে অন্নদান, বস্ত্র বস্ত্রহীনে
তৃষাতুরে জলদান, ধর্ম ধর্মহীনে
মূর্খজনে বিদ্যাদান, বিপন্নে আশ্রয়,
রোগীরে ঔষধদান, ভয়ার্তে অভয়
গৃহহীনে গৃহদান, অন্ধেরে নয়ন,
পীড়িতে আরোগ্যদান, শোকার্তে সান্ত্বনা;
স্বার্থশূন্য হয় যদি এ দ্বাদশ দান
স্বর্ণের দেবতা নহে দাতার সমান।

ক. কীসের সহায়তায় কল্যাণময় পৃথিবী রচনা সম্ভব?
খ. মানব-কল্যাণ কীভাবে মানব-মর্যাদার সহায়ক হয়ে উঠবে?
গ. উদ্দীপকে 'মানব-কল্যাণ' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো।
ঘ. উদ্দীপকে নির্দেশিত দ্বাদশ দানই পারে 'মানব-কল্যাণ' প্রবন্ধে বর্ণিত লেখকের কাঙ্ক্ষিত লক্ষ্য বাস্তবায়ন করতে।"— মন্তব্যটির যথার্থতা যাচাই করো।

**সৃজনশীল প্রশ্ন ৩** :

উদ্দীপক-১: কবির সাহেবের কাছে একটি অনাথ ছেলে এসে কাজ চাইলে তিনি তাকে দশটি টাকা ভিক্ষা দিয়ে বিদায় করে দেন।

উদ্দীপক-২: বাদল সাহেবের কাছ একটি অনাথ ছেলে এসে ভিক্ষা চাইলে তিনি তাকে কাজের মাধ্যমে নিজের ভাগ্য বদলের প্রস্তাব দেন। ছেলেটি তাতে রাজি হলে তাকে তিনি একটি সরকারি কারিগরি শিক্ষা কেন্দ্রে ভর্তি করিয়ে দেন। ছেলেটির হোস্টেলে থাকা-খাওয়া বাৰম হয় খরচ আসে তা বাদল সাহেব বহন করেন। এই প্রতিষ্ঠান থেকে বিনামূল্যে কারিগরি শিক্ষা গ্রহণ করে ছেলেটি আজ স্বাবলম্বী।

ক. মানব কল্যাণের কুৎসিত রূপ কোথায় দেখা যায়?
খ. 'এ সত্যটা অনেক সময় ভুলে থাকা হয়।'- কোন সত্যটা? ব্যাখ্যা করো।
গ. উদ্দীপক-১ মানব কল্যাণ প্রবন্ধের কোন দিকটিকে তুলে ধরে? ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপক-২ এ." 'মানব কল্যাণ' রচনার মূলভাব ফুটে উঠেছে"- মন্তব্যটির যথার্থতা আলোচনা করো।

**সৃজনশীল প্রশ্ন ৪ঃ**

আমার একার সুখ, সুখ নহে ভাই,
সকলের সুখ, সখা, সুখ শুধু তাই ।
আমার একার আলো সে যে অন্ধকার,
যদি না সবারে অংশ দিতে পাই।
সকলের সাথে বন্ধু, সকলের সাথে,
যাইব কাহারে বল; ফেলিয়া পশ্চাতে।
এক সাথে বাচি আর এক সাথে মরি,
এসো বন্ধু, এ জীবন সুমধুর করি।

ক. 'ওপরের হাত সব সময় নিচের হাত থেকে শ্রেষ্ঠ'- কথাটি কে বলেছেন?
খ. 'রাষ্ট্র জাতির যৌথ জীবন আর যৌথ চেতনারই প্রতীক'- উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?
গ. কবিতাংশটি "মানব-কল্যাণ" প্রবন্ধের কোন দিকটিকে প্রতিফলিত করেছে? ব্যাখ্যা কর।
ঘ. কবিতাংশটি "মানব-কল্যাণ" প্রবন্ধের আংশিক প্রতিচ্ছবি তোমার মতের পক্ষে যুক্তি দাও।

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর পিডিএফ ডাউনলোড

আপনাদের সুবিধার্থে আমরা একটি পিডিএফ ফাইল দিয়েছি। এই পিডীএফ ফাইলে সৃজনশীল প্রশ্নের উত্তর গুলো সংগ্রহ করতে পারবেন। এজন্য নিচে একটি লিঙ্ক দেওয়া আছে। এই লিঙ্ক টিতে ক্লিক করে মানব কল্যাণ গল্পের সৃজনশীল প্রশ্নের উত্তর পিডিএফ ডাউনলোড করতে পারবেন।

**পিডিএফ**

# শেষ কথা

আজকের মত এখানেই শেষ। আশা করছি এই পোস্ট থেকে মানব কল্যাণ প্রবন্ধ সৃজনশীল প্রশ্ন ও উত্তর সংগ্রহ করতে পেরেছেন। এই পোস্ট টি ভালোলেগে থাকলে শেয়ার করতে পারেন। এই রকম আরও ভালো ভালো পোস্ট পেতে আমাদের সাথেই থাকবেন। নিচে আপনাদের জন্য শিক্ষামূলক কিছু পোস্ট দেওয়া আছে দেখেনিতে পারেন। ভালোথাকবেন, সুস্থ থাকবেন। আমাদের সাথে শেষ পর্যন্ত থাকার জন্য আপনাকে অনেক অনেক ধন্যবাদ।

### See More:

কারবালা প্রান্তর সৃজনশীল প্রশ্ন উত্তর- এইচ এস সি বাংলা ১ম পত্র

আত্মচরিত সৃজনশীল প্রশ্ন উত্তর একাদশ-দ্বাদশ শ্রেণি বাংলা ১ম পত্র